# সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

## দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩ (৭) ধারায় মালিকানাপ্রাপ্ত

## ব্যাংকের নিজস্ব সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

**ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ** মেসার্স লিজা টেক্সটাইল মিলস্ (প্রাঃ) **লিমিটেড**, ঠিকানাঃ সাং- মহাবলীপুর, ডাকঘর-দিনাজপুর সদর, উপজেলা- দিনাজপুর সদর, জেলা- দিনাজপুর।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের **ঋণ হিসাবে ৩১/০৮/২০২৬ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৬৪,০০,৭৯,০৩৩/- টাকা (কথায়ঃ চৌষট্টি কোটি উনআশি হাজার তেত্রিশ)** (সিসি হাইপো-৭,৫৯,০০,১৬১/- + সিসি প্লেজ-৭,৭৯,১১,৫২১/- + প্রজেক্ট-৪১,৩১,০৬,১৯০/- + অতিরিক্ত প্রজেক্ট-৭,৩১,৬১,১৬১/-) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩ (৭) ধারায় মালিকানাপ্রাপ্ত নিম্ন বর্ণিত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

### ৩৩ (৭) ধারায় মালিকানা প্রাপ্ত ব্যাংকের নিজস্ব সম্পত্তির তফসিলঃ

**ক) প্রকল্প ভূমিঃ**

মৌজা- মহাবলীপুর, থানা- কোতয়ালী জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | খারিজ | | | সিএস/এসএ | |
| ৭ | - | ৯২ | ৩৯৮ | ৪৭১ | ডাঙ্গা | ২২১ | ৩৩.০০ |
| | | | | | | মোট = | ৩৩.০০ |

**খ) সহায়ক জামানতঃ**

১) মৌজা- প্রাণনাথপুর, থানা- কোতয়ালী জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | আরএস | খারিজ | | | সিএস/এসএ | আর.এস | |
| ৬৩ | ১০১৪ | ১১৪১ | ১/১ | ৬৯০৫ | ৬৯০৫ | বাস্ত | ৩৯৬ | ৩৯৪ | ১৮.৫০ |
| | | | | | | | | মোট = | ১৮.৫০ |

২) মৌজা- মানিকপাড়া, থানা- বিরল, জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | খারিজ | | | সিএস/এসএ | |
| ৬৯ | ১১৩ | ১৩২ | ৫১৮ | ৬৬২ | কৃষি (দলা) | ৫৬৩ | ৪৬.০০ |
| | | | | | | মোট = | ৪৬.০০ |

৩) মৌজা- নোনা, থানা- বিরল, জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | খারিজ | | | সিএস/এসএ | |
| ৬৫ | - | ১৬১ | ৬৪৭ | ৬৪৭ | কৃষি (দলা) | ৫২৭ | ১১৯.০০ |
| | | | | | | মোট = | ১১৯.০০ |

৪) মৌজা- রতনৌর, থানা- বিরল, জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | খারিজ | | | সিএস/এসএ | |
| ৭২ | - | ১৯৭ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৯৪৪ | ৩৩.০০ |
| | | ২০০ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৮৭৮ | ৩২.০০ |
| | | ২০০ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৯০০ | ৪.০০ |
| | | ২১৩ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৫৯৮ | ৩৭.০০ |
| | | ২১৩ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৯৩২ | ৫.০০ |
| | | ২১৯ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ১৮৪ | ১৪.০০ |
| | | ২১৯ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ২৭৬ | ১৩.০০ |
| | | ২১৯ | ৭৮২ | ৮৭৪ | কৃষি (দলা) | ৫৪১ | ১৩.০০ |
| | | | | | | উপমোট = | ১৫১.০০ |

৫) মৌজা- নাগরবাড়ী, থানা- বিরল, জেলা-দিনাজপুর।

| জে এল নং | খতিয়ান নং | | | হোল্ডিং নং | রকম | দাগ নং | জমির পরিমাণ (শতক) |
|---|---|---|---|---|---|---|---|
| | সি এস | এস এ | খারিজ | | | সিএস/এসএ | |
| ৭১ | - | ২৯ | ২৮০ | ২৮১ | ডাঙ্গা | ৩৪২ | ২.০০ |
| | | ২৯ | ২৮০ | ২৮১ | ডাঙ্গা | ৩৬০ | ২৬.০০ |
| | | ৪৩ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ২১২ | ১০.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | পুঃ পাড়া | ১৭৫ | ৬.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | ডাঙ্গা | ১৮০ | ২৪.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | পুঃ পাড়া | ২২১ | ৬.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | পুকুর | ২২২ | ৯.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | বাস্ত | ২৪০ | ১২.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | ডাঙ্গা | ২৬১ | ৩.০০ |
| | | ৪৪ | ২৮০ | ২৮১ | ডাঙ্গা | ২৭৫ | ৩.০০ |
| | | ১১১ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ২১১ | ৩.০০ |
| | | ১১১ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ৩৭৬ | ৪৩.০০ |
| | | ১১১ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ৩৮৫ | ৫.০০ |
| | | ১১১ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ৩৯৫ | ৬.০০ |
| | | ১১১ | ২৮০ | ২৮১ | কৃষি (দলা) | ৪৫৮ | ১০.০০ |
| | | | | | | উপমোট = | ১৬৮.০০ |

**সর্বমোট সম্পত্তির পরিমাণ= ২(ক) ২(খ) (১+২+৩+৪+৫)=৩৩.০০+১৮.৫০+৪৬.০০+১১৯.০০+১৫১.০০+১৬৮.০০ = ৫৩৫.৫০ শতক সম্পত্তি ও তদস্থ নির্মিত ও নির্মিতব্য অবকাঠামোসমূহ।**

### -ঃ শর্ত সমূহ ঃ-

০১) আগামী ১২/১০/২০২৬ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর অথবা সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, দিনাজপুর এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর অথবা সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, দিনাজপুর এ পৌঁছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| | আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দারদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পরিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একক তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)
মোবাইল নং-০১৭৫৫৫১৫২১৬